

অধ্যায়: ভাবুক ছেলেটি

গল্পটি সম্পর্কে যে বিষয়গুলো গুরুত্ব দিয়ে পড়তে হবে

- বিজ্ঞানী স্যার জগদীশচন্দ্র বসুর পরিচয়
- গাছ সম্পর্কে নানা অজানা তথ্য
- জগদীশচন্দ্র বসুর নানা কৃতিত্বের কথা
- জগদীশচন্দ্র বসুর নানা আবিষ্কারের বর্ণনা
- শিশু কিশোরদের জন্য জগদীশচন্দ্র বসুর অবদান

গল্পটি সম্পর্কে অল্প কথায় জেনে নেই:

ভাবুক ছেলেটি গল্পে ভাবুক ছেলে বলতে বিজ্ঞানী স্যার জগদীশ বসুকে বোঝানো হয়েছে । বাংলাদেশের এ ভাবুক বৈজ্ঞানিক তাঁর আবিষ্কার দিয়ে সারা পৃথিবীকে চমকে দিয়েছেন । গাছেরও যে প্রাণ আছে তিনিই প্রথম প্রমাণ করেন । অতিক্ষুদ্র বেতার তরঙ্গ বা মাইক্রোওয়েভ আবিষ্কার করেন । এছাড়াও বিদ্যুৎ চুম্বকীয় তরঙ্গ বিষয়ে তাঁর পাণ্ডিত্য পৃথিবী বিখ্যাত । জগদীশচন্দ্র বসু বিজ্ঞান মন্দির প্রতিষ্ঠা করেন । সেখানেই তিনি মৃত্যুর আগ পর্যন্ত বিজ্ঞান চর্চায় নিয়োজিত ছিলেন । জগদীশ বসু একজন সফল বিজ্ঞানী । তিনি বাঙালীর গৌরব ।

\*শিক্ষার্থীরা গল্পের (প্রথম অংশ) দশ এগারো বছরের ছেলেটি তেমন দুরন্ত নয় ।.....

.....

..... । লন্ডন বিশ্ববিদ্যালয় তাঁকে ডিএসসি ডিগ্রি প্রদান করেন ।

আমার বাংলা বই(৮৫পৃষ্ঠা ও ৮৬ পৃষ্ঠা)

## পঠিত অংশ থেকে নতুন শব্দের অর্থ:

দুরন্ত=চঞ্চল ।

হাতেখড়ি=আরম্ভ ।

প্রবেশিকা=আজকের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা । প্রবেশিকা পাশ করলে কলেজে প্রবেশ করা যেত । তাই নাম প্রবেশিকা

এফএ=Final arts । আজকের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার সমতুল্য ।

বিজ্ঞানী=বিজ্ঞান বিষয়ে জ্ঞানী ব্যক্তি ।

বকেয়া=বাকি

অস্থায়ী=যা স্থায়ী নয় ।

স্বকৃতি=সমর্থন দেওয়া, মেনে নেওয়া, স্বীকার করা ।

পরিশোধ=মিটিয়ে দেওয়া, শোধ করা ।

## \*পড়ানো অংশ থেকে এক বাক্যের উত্তর দাও :

১. বিজ্ঞানী জগদীশচন্দ্রের হাতেখড়ি কোথায় হয়েছিল?
২. জগদীশ চন্দ্র কোথা থেকে প্রবেশিকা পরীক্ষা পাস করে?
৩. জগদীশ চন্দ্র কবে এফএ পাস করে?
৪. জগদীশ চন্দ্র বত সালে বিএস পাস করে?
৫. প্রথম বাঙালি বৈজ্ঞানিকের নাম কী?
৬. জগদীশ কত দিন ডাক্তারি পড়েন?
৭. জগদীশ চন্দ্র কোথা থেকে উচ্চ শিক্ষা লাভ করেন?
৮. দেশে ফিরে জগদীশ চন্দ্র কোথায় এবং কোন পদে যোগ দেন?
৯. জগদীশ চন্দ্রের বেতন কত ছিল?
১০. বেতন কেটে নেয়ার প্রতিবাদ স্বরূপ জগদীশ চন্দ্র কী করে ছিলেন?
১১. ইংরেজ সরকার কেন জগদীশ চন্দ্র বসুকে স্বীকৃতি দিতে বাধ্য হন?
১২. কখন জগদীশ চন্দ্রের চাকরি স্থায়ী হয়?
১৩. লণ্ডন বিশ্ববিদ্যালয় থেকে জগদীশ কোন ডিগ্রি পান?

## যুক্তবর্ণ ভেঙে শব্দ গঠন ও বাক্য গঠন কর:

স্ব, র্থ, ব্র, জ্ঞ, জ্ঞ, ত্ব, ক্ষ, ন্দ্র, ক্র, স্ব, হ্র, ভ

ওয়ার্ক বুকের (১৩০ পৃষ্ঠার) সমার্থক শব্দ পড়বে